

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দাউদকান্দি, কুমিল্লা



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-০৫.২০.১৯৩৬.১৩.০০.০০.৩৮.২০২১-৪৫৫/১(৫০)

তারিখ : ১৬/০৫/২০২১ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা ও উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা, ২০২১ অনুযায়ী কুমিল্লা জেলার দাউদকান্দি উপজেলার মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নোক্ত পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য আগ্রহী/আগ্রহীণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	মাসিক সম্মানী (সর্বসাকুল্যে)	যোগ্যতা
০১.	পেশ ইমাম	০১ (এক)	১৫,০০০/- টাকা	ক) দ্বিতীয় শ্রেণির কামিল ডিগ্রি/দাওরায়ে হাসিদ পাশ। কোন প্রতিষ্ঠানে খতিব মুফতি বা মুহাদ্দিস হিসেবে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। খ) হাফেজ-ই-কোরআন ইলমে ক্বিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত। হাফেজ-ই-কোরআন অগ্রাধিকার পাবেন। গ) আরবিতে কথা ও আরবিতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
০২.	মুয়াজ্জিন	০১ (এক)	১০,০০০/- টাকা	ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমি শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে/মুয়াজ্জিন হিসেবে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। খ) হাফেজ-ই-কোরআন ইলমে ক্বিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে।
০৩.	খাদিম	০২ (দুই)	৭,৫০০/- টাকা	ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমি শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে। গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে/খাদিম হিসেবে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলী :

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- আবেদনপত্রে প্রার্থীকে (ক) নাম (খ) পিতার নাম (গ) স্থায়ী ঠিকানা (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) জন্ম তারিখ (চ) জাতীয়তা (ছ) শিক্ষাগত যোগ্যতা এবং (জ) অভিজ্ঞতা উল্লেখপূর্বক আবেদন দাখিল করতে হবে।
- আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:
ক) পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।
খ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি রঙিন পাসপোর্ট সাইজের ছবি।
গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদের মূল কপি।
ঘ) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।
ঙ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
চ) আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে জনবল নিয়োগ কমিটি, দাউদকান্দি, কুমিল্লা বরাবর আগামী ০৬/০৬/২০২১ খ্রিষ্টাব্দের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে বা সরাসরি পৌছাইতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে। খামের উপরে পদের নাম সুস্পষ্টরূপে লিখতে হবে।
- কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না। যদি কোন প্রার্থী একাধিক পদে আবেদন করেন তাহলে তার আবেদনগুলো বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনরূপ টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- কোন তথ্য গোপন করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে এবং ভবিষ্যতে তথ্য গোপনের বিষয়টি প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- যে কোন প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে পরিগণিত হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

কামরুল ইসলাম খান

উপজেলা নির্বাহী অফিসার

ও সভাপতি

উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক

কেন্দ্রে জনবল নিয়োগ কমিটি

দাউদকান্দি, কুমিল্লা

ডিজি-১০৬০/২১ (৮' x ৩)